

ইবাদতের অর্থ কী, ইবাদত বলতে কি বুঝায় ?

ইবাদত শব্দের আভিধানিক অর্থ হলো:- চূড়ান্ত বিনয়, আনুগত্য ও বশ্যতা ।

শরী'য়তের পরিভাষায়, প্রকাশ্য কিংবা গোপনীয় যতসব কথা ও কাজ আলাহ ﷻ ভালোবাসেন ও পছন্দ করেন, সে সবেবের একটি সামষ্টিক নাম হলো 'ইবাদত । তাই যতসব কথা-বার্তা ও কাজ-কর্মকে আলাহ ﷻ ভালোবাসেন ও পছন্দ করেন, যেমন:- সালাত (নামায) ক্বায়েম করা , সিয়াম (রোযা) পালন করা, ক্বোরবানী, নযর- মানত প্রদান করা, আলাহ'র নিকট প্রার্থনা (দো'আ) করা , আলাহ'কে ডাকা, আলাহ'র ﷻ প্রতি ভয়, আশা পোষণ করা, আলাহ'র তাছবীহ (মহিমা), তাহমীদ (প্রশংসা), তাকবীর (মহত্ব), তাহলীল (আলাহ'র একত্ব) বর্ণনা করা, ক্বোরআন তিলাওয়াত করা, ক্বোরআন ও ছুলাহতে বর্ণিত ও নির্দেশিত যিকর-আযকার করা, রাছুলের ﷺ প্রতি সালাত ও ছালাম পাঠ করা ইত্যাদি, এ সবই হলো 'ইবাদত । এগুলোর প্রতিটি একমাত্র আলাহ রাব্বুল 'আলামীনের উদ্দেশ্যে, একমাত্র তাঁরই (আলাহ'র) সন্তুষ্টি লাভের নিমিত্তে, তাঁর প্রতি শ্রদ্ধাপূর্ণ ভয় ও পূর্ণ ভালবাসা রেখে, পূর্ণ বশ্যতা সহকারে তাঁর (আলাহ'র) মহত্বের সম্মুখে অবনত মস্তকে চূড়ান্ত বিনয়ের সাথে ছাওয়াবের (আলাহ'র নিকট প্রতিদান লাভের) আগ্রহ ও আশা নিয়ে সম্পাদন করাকে আলাহ'র 'ইবাদত বলা হয় ।